

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
উপজেলা-২ শাখা
www.lgd.gov.bd

নং- ৪৬.০৪৫.০২৭.০৮.৪২.০৪২.২০১৫- ৩২৭

তারিখ : ০৪ ফাল্গুন, ১৪২২ বঃ
১৬ ফেব্রুয়ারি, ২০১৬ খ্রিঃ

প্রজ্ঞাপন

যেহেতু, জনাব মোঃ আজহারুল ইসলাম মান্নান, চেয়ারম্যান, সোনারগাঁ উপজেলা পরিষদ, নারায়ণগঞ্জ এর বিরুদ্ধে দায়েরকৃত সোনারগাঁ থানার মামলা নং-৪(১২)১৩, তারিখ-০৭/১২/২০১৩খ্রিঃ, মামলা নং-৭(১)১৪, তারিখ-০৪/০১/২০১৪খ্রিঃ, মামলা নং ৮(১)২০১৫, তারিখ-০৫/০১/২০১৫খ্রিঃ এবং মামলা নং ২০(১)২০১৫, তারিখঃ ১২/০১/২০১৫খ্রিঃ এর অভিযোগপত্র বিজ্ঞ আদালত কর্তৃক গৃহীত হয়েছে;

যেহেতু, জনাব মোঃ আজহারুল ইসলাম মান্নান, চেয়ারম্যান, সোনারগাঁ উপজেলা পরিষদ, নারায়ণগঞ্জ -এর বিরুদ্ধে দায়েরকৃত মামলাসমূহের অভিযোগপত্র বিজ্ঞ আদালত কর্তৃক গৃহীত হওয়ায় তাঁর দ্বারা উপজেলা পরিষদের ক্ষমতা প্রয়োগ জনস্বার্থের পরিপন্থি মর্মে সরকার মনে করে;

সেহেতু, উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ [উপজেলা পরিষদ (সংশোধন) আইন, ২০১১ দ্বারা সংশোধিত] এর ১৩খ(১) ধারা অনুসারে সোনারগাঁ উপজেলা পরিষদ চেয়ারম্যান জনাব মোঃ আজহারুল ইসলাম মান্নানকে সাময়িকভাবে বরখাস্ত করা হ'ল।

এ আদেশ জনস্বার্থে জারী করা হ'ল এবং অবিলম্বে তা কার্যকর হবে।

J.A.in

১৬/০২/২০১৬

(ড. জুলিয়া মর্দীন)

সিনিয়র সহকারী সচিব

ফোনঃ ৯৫৭৭২৩০

নং- ৪৬.০৪৫.০২৭.০৮.৪২.০৪২.২০১৫-৩২৭/১(১৩)

তারিখ : ০৪ ফাল্গুন, ১৪২২ বঃ
১৬ ফেব্রুয়ারি, ২০১৬ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সিনিয়র সচিব.....মন্ত্রণালয়/বিভাগ, ঢাকা।
৩. সচিব.....মন্ত্রণালয়/বিভাগ, ঢাকা।
৪. সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।
৫. কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা।
৬. জেলা প্রশাসক, নারায়ণগঞ্জ।
৭. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়।
৮. উপপরিচালক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশ করে গেজেটের ৩০ (ত্রিশ) কপি স্থানীয় সরকার বিভাগে প্রেরণের জন্য অনুরোধ করা হলো)
৯. সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।
১০. ভাইস চেয়ারম্যান/ ভাইস চেয়ারম্যান (মহিলা), সোনারগাঁ, নারায়ণগঞ্জ।
১১. জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, নারায়ণগঞ্জ/উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, সোনারগাঁ, নারায়ণগঞ্জ।
১২. জনাব মোঃ আজহারুল ইসলাম মান্নান, চেয়ারম্যান, সোনারগাঁ উপজেলা পরিষদ, নারায়ণগঞ্জ।
১৩. প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (প্রজ্ঞাপনটি ওয়েব সাইটে প্রকাশ করার অনুরোধসহ)।

J.A.in

১৬/০২/২০১৬

(ড. জুলিয়া মর্দীন)

সিনিয়র সহকারী সচিব